



**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের সভা**

সভাপতি : মোঃ ফসিউল্লাহ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

তারিখ : ১৬ মার্চ ২০২০

সময় : বেলা ১২:০০ ঘটিকা

স্থান : মাল্টিপারাস হলে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

**আলোচ্য বিষয়:**

- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর উপর পর্যালোচনা;
- ২। প্রাগম ও প্রাশিঅ কর্তৃক জাতীয় শুদ্ধাচারের উপর গৃহীত কার্যক্রম পর্যালোচনা;
- ৩। বিবিধ।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক.তে সংযোজিত।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভা শুরু করা হয়। সভায় উপপরিচালক (সংস্থাপন) প্রাশিঅ, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা শুরু করেন। সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। নিম্নের বিষয়গুলো সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর উপর পর্যালোচনা	<p>প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক নিম্নের কার্যক্রমগুলো ধারাবাহিকভাবে আলোচনা করা হলো:</p> <p>ক) মাঠ পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তরসমূহে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম বিষয়ে আলোচনায় জরুরি চিঠিপত্র ই-মেইলে প্রেরণ/ওয়েবসাইটে প্রকাশ, হেডডেস্ক স্থাপন, ডিজিটাল হাজিরা চালু, সিটিজেন চাটার অনুযায়ী নিষ্পত্তিকরণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। বিদ্যালয় পর্যায়ে অভিযোগ/মতামত বক্স স্থাপন করে বিদ্যালয় উন্নয়ন এবং পড়ালোখার গুণগত মান উন্নয়নে অংশীজনের মতামতকে গুরুত্বের সাথে দেখা হচ্ছে মর্মে বিভাগীয় উপপরিচালকগণ সভায় আলোচনা করেন।</p> <p>খ) শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের নিমিত্তে কর্মকর্তা/কর্মচারীকে বাছাই করে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ইতোমধ্যে এক মাসের বেতনের সমপরিমাণ অর্থ ও একটি করে সনদ পুরস্কার হিসেবে প্রদান করা হয়েছে। মাঠপর্যায়ের মনোনীত কর্মকর্তা/কর্মচারীদের এক মাসের বেতনের সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য পরিচালক (অর্থ) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।</p>	<p>ক) সিটিজেন চাটার অনুযায়ী সকল আবেদন/মতামত নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। এছাড়া অভিযোগ বক্সে প্রাপ্ত সকল ধরনের আবেদন/ অভিযোগ/মতামত আমলে নিয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p><b>বাস্তবায়ন : বিভাগীয় উপপরিচালক সকল।</b></p> <p>খ) মাঠ পর্যায়ে কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার দ্রুততম সময়ে প্রদান নিশ্চিত করতে হবে।</p> <p><b>বাস্তবায়ন : পরিচালক (অর্থ)</b></p>
২	প্রাগম ও প্রাশিঅ কর্তৃক জাতীয় শুদ্ধাচারের উপর গৃহীত কার্যক্রম পর্যালোচনা	<p>ক) শুদ্ধাচারে শুদ্ধ সুরে জাতীয় সংগীত ও শপথ বাক্য বিদ্যালয় সমূহে নিয়মিত পাঠ/অনুশীলন করানো হচ্ছে মর্মে মুসলিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সভায় অবহিত করেন। এছাড়া বিদ্যালয় পর্যায়ে কাব ও হলদে পাখি কার্যক্রম চালু করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে বৃহস্পতিবার ক্লাস শেষে কাব ও হলদে পাখির দল নীতি বাক্য পাঠ ও সমাজ উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে শুদ্ধাচার অনুশীলন করছে মর্মে বিভাগীয় উপপরিচালকগণ সভাকে অবহিত করেন। এছাড়া করোনা ভাইরাস মোকাবেলায় সকলকে সতর্ক ও সচেতন হওয়ার বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>ক) প্রতিটি বিদ্যালয়ে শুদ্ধ সুরে জাতীয় সংগীত ও শপথ বাক্য পাঠ নিয়মিত অনুশীলন করতে হবে এবং প্রতিটি কুলেই কাব ও হলদে পাখির দল গঠন করে সমাজ উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে শুদ্ধাচারের অনুশীলন অব্যাহত রাখতে হবে। ব্যক্তিগত পর্যায়ে যেখানে সুযোগ হবে সেখানে করোনা ভাইরাস মোকাবেলায় সতর্ক ও সচেতন হওয়ার নির্দেশনা দিতে হবে।</p> <p><b>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)।</b></p>

বিবিধ বিষয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ ফসিউল্লাহ)  
মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.২৯.০০১.২০১৯- ৪৮

তারিখ:

০৭ চৈত্র ১৪২৬  
২৬ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১-২। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৪। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম বিভাগ।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), (ওয়েবসাইটের ওদ্ধাচার বগ্নে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল), ..... জেলা।

৮। জনাব .....

৯। অফিস কপি।



নো: দেলোর হোসেন  
উপপরিচালক (সংস্থাপন)